

Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 25 June, 2025

নোয়াখালীর হাতিয়াতে বেরোয়া গতির নছিমনের ধাক্কায় এক ব্যাটারি চালিত অটোরিকশা আরোহী নিহত হয়েছে। এ দুর্ঘটনায় আরও আহত হয়েছেন ২জন।

বুধবার (২৫ জুন) বেলা সোয়া ১১টার দিকে উপজেলার চৌমুহনী বাজার টু চরচেঙ্গা বাজার প্রধান সড়কের কাজির বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত ব্যক্তির নাম নাছির উদ্দিন (৪৫)। তিনি একই উপজেলার সোনাদিয়া ইউনিয়নের ১নম্বর ওয়ার্ডের পশ্চিম মাইজচরা গ্রামের মৃত শাহে আলমের ছেলে এবং পেশায় একজন কৃষক ছিলেন।

পুলিশ ও স্থানীয়রা জানায়, বেলা ১১টার দিকে ব্যাটারি চালিত একটি অটোরিকশা কয়েকজন যাত্রী নিয়ে উপজেলার চরচেঙ্গা বাজার থেকে ওছখালী বাজারের উদ্দেশ্যে ছেড়ে আসে। নাছির ওই অটোরিকশায় করে ছেলের জন্য ওষুধ কিনতে ওছখালী বাজারের উদ্দেশ্যে রওয়ানা দেয়। যাত্রা পথে অটোরিকশা বেলা সোয়া ১১টার দিকে উপজেলার চরচেঙ্গা বাজার প্রধান সড়কের কাজির বাজার এলাকায় পৌঁছে। তখন একটি শ্যালো ইঞ্জিলচালিত নছিমন অটোরিকশার পেছনে ধাক্কা দেয়। এতে রিকশা দুমড়ে মুছড়ে যায়। নাছির সড়কে ছিটকে পড়ে মাথায়, হাতে গুরুতর আঘাত পান। তাৎক্ষণিক স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

হাতিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ কে এম আজমল হুদা বলেন, মরদেহ উদ্ধার করে

থানায় এনে রাখা হয়েছে। নিহত নাছিরের মরদেহ বৃহস্পতিবার সকালে ময়নাতদন্তের জন্য ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হবে। নাছিম জব্দ করা হয়েছে। নিহতের স্বজনদের লিখিত অভিযোগের ভিত্তিতে পরবর্তী আগনগত ব্যবস্থা নেওয়া হবে।

বেপরোয়া গতি দুর্ঘটনা আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:19

URL: <https://www.timestodaybd.com/across-the-country/7713733701>